যুগান্তর

তারিখ 24 JAN 2009
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# সিলেটের শিক্ষা প্রতিষ্ঠানগুলো মন্ত্রণালয়ের নির্দেশ মানছে না

সিলেট ব্যুরো

সিলেট নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি নির্দেশ উপেক্ষা করে তাদের ইচ্ছেমতো নেয়া হচ্ছে ভর্তি ফি। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কেউ কেউ শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারণ করে দেয়া ভর্তি ফি সর্বোচ্চ ৫ হাজার টাকার দ্বিগুণ নেয়ার অভিযোগ উঠেছে। মন্ত্রণালয়ের নির্দেশ শিক্ষা প্রতিষ্ঠানগুলো আমলে না নেয়ায় ছেলেমেয়েদের ভর্তি করতে গিয়ে বিপাকে পড়েছেন অভিভাবকরা। লাগামহীন ভর্তি ফি এবং স্কুলভেদে নিয়মবিধির কারণে অতিরিক্ত ফি গুনতে গিয়ে অনেকেই গলদঘর্ম হচ্ছেন। মন্ত্রণালয়ের নির্দেশ মানা না হলেও স্থানীয় প্রশাসন এ ব্যাপারে কোন ব্যবস্থা নিচ্ছে না। নগরীর প্রায় সবক'টি বিদ্যালয়ে নতুন বছরের শুরু থেকেই ভর্তি চলছে। এ ভর্তি নিয়ে রীতিমতো দুশ্চিন্তায় পড়েছেন গরিব অভিভাবকরা। এমনিতেই সরকারি বিদ্যালয়গুলোতে ভর্তি ফি'র তুলনায় তিনগুণ বেশি রাখা হচ্ছে কিছু বেসরকারি বিদ্যালয়ে। সরকারি বিদ্যালয়গুলোতে আসন সংখ্যা সীমিত থাকায় অনেক গরিব মেধাবী শিক্ষার্থী ভর্তির সুযোগ পায় না। অভিভাবকরা বাধ্য হয়ে বেসরকারি বিদ্যালয়ের দিকে ঝুঁকে পড়ছেন। জানা গেছে, নগরীর রিকাবীবাজারের পুলিশ লাইন উচ্চ বিদ্যালয়ে ভর্তি ফি নেয়া হচ্ছে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীতে ভর্তির বেলায় ছেলেদের কাছ থেকে ৩৭০০ টাকা এবং মেয়েদের কাছ থেকে নেয়া হচ্ছে ৪৯৩০ টাকা। নবম থেকে দশম শ্রেণীতে ছেলেদের কাছ থেকে ৩৮৩০ টাকা এবং মেয়েদের কাছ থেকে নেয়া হচ্ছে ৫০৩০ টাকা। নতুন বিভাগীয়দের বেলায় ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীতে ছেলে ২২৩০ টাকা, মেয়ে ২২৩০ টাকা। এছাড়া নবম শ্রেণীর ছেলেদের ২৫৩০ টাকা এবং মেয়েদের বেলায় ৩৭৩০ টাকা।